গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
পুলিশ-১ শাখা,
www.moha.gov.bd

নম্বর: ৪৪.০০.০০০০.০০০.০৯৪.২৭.০০২৬.২১.৮৫১

তারিখ: ২৬ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ
১০ সেপ্টেম্বর ২০২৬ খ্রিস্টাব্দ

**প্রজ্ঞাপন**

যেহেতু, জনাব আ ফ ম নিজাম উদ্দিন, পিপিএম-বার (বিপি-৭৮০৮১২১৫৮৮), পুলিশ সুপার (টিআর), পুলিশ অধিদপ্তর, ঢাকা বর্তমানে রেঞ্জ ডিআইজি'র কার্যালয়, রংপুর-এ সংযুক্ত আছেন। বর্ণিত কর্মকর্তা মিরপুর সেনানিবাসে চলমান ডিএসসিএসসি-২০২৬ কোর্সে অংশগ্রহণের জন্য গত ৮/১/২০২৬ খ্রি. পুলিশ অধিদপ্তর, ঢাকা হতে প্রস্থান গ্রহণ করেন। উক্ত কোর্স চলাকালে গত ৭/৬/২০২৬ খ্রি. তিনি অসুস্থ হয়ে পড়লে তাকে সিএমএইচ, ঢাকায় প্রেরণ করা হয়। বিশেষজ্ঞ চিকিৎসকের পরামর্শের প্রেক্ষিতে আনুষঙ্গিক পরীক্ষা-নিরীক্ষার অংশ হিসেবে বর্ণিত কর্মকর্তার ডোপ টেস্ট শেষে Urine Benzo Diazepines (BZO) Amphetamine/ methamphetamine 'Positive' পাওয়া যায়, যা উক্ত ডিএসসিএসসি কোর্সের শৃঙ্খলা পরিপন্থি;

০২। যেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুসারে 'অসদাচরণ' এর শাস্তিযোগ্য অপরাধে একই বিধিমালার বিধি ১২(১) অনুযায়ী বিগত ৩১-০৮-২০২৬ তারিখ হতে তাঁকে সরকারি চাকরি হতে সাময়িক বরখাস্ত করা প্রয়োজন ও সমীচীন;

০৩। সেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ১২(১) অনুযায়ী জনাব আ ফ ম নিজাম উদ্দিন, পিপিএম-বার (বিপি-৭৮০৮১২১৫৮৮)-কে চাকুরি হতে সাময়িক বরখাস্ত করা হলো;

০৪। সাময়িক বরখাস্তকালে তিনি বিধি অনুযায়ী খোরপোষ ভাতা প্রাপ্য হবেন;

০৫। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

১০-০৯-২০২৬
মনজুর মোর্শেদ চৌধুরী
সিনিয়র সচিব
ফোন : +৮৮০২২২৩৩৫৩৭১০
ফ্যাক্স : +৮৮-০২-৯৩৪৭২৯০
ইমেইল : secretary@moha.gov.bd

নম্বর: ৪৪.০০.০০০০.০০০.০৯৪.২৭.০০২৬.২১.৮৫১/১ (১০)

তারিখ: ২৬ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ
১০ সেপ্টেম্বর ২০২৬ খ্রিস্টাব্দ

**অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ /মাননীয় প্রধান মন্ত্রীর মুখ্য সচিব, প্রধান মন্ত্রীর কার্যালয় , তেজগাঁও, ঢাকা।
২। সিনিয়র সচিব/সচিব, ......................................................।

৩। পুলিশ মহাপরিদর্শক, পুলিশ অধিদপ্তর, ঢাকা।
৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
৫। উপসচিব, শৃঙ্খলা-২ শাখা, জননিরাপত্তা বিভাগ (বিধি মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৬। সিনিয়র সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সিনিয়র সচিবের দপ্তর, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
৭। উপ পরিচালক, উপপরিচালকের দপ্তর, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস।
৮। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৯। জনাব, ..............................................................।
১০। প্রোগ্রামার, আইসিটি সেল, জননিরাপত্তা বিভাগ (প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

১০-০৯-২০২৬
মনজুর মোর্শেদ চৌধুরী
সিনিয়র সচিব